# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

### শিক্ষক পদ

১। **ন্যানোম্যাটেরিয়ালস্ এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ**
অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৫৬৫০০-৭৪৪০০/-।

২। **পুরকৌশল বিভাগ**
(ক) সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৫০০০০-৭১২০০/-।
(খ) সহকারী অধ্যাপক-এর ৩ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳: ৩৫৫০০-৬৭০১০/-।

৩। **পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ কৌশল বিভাগ**
সহকারী অধ্যাপক-এর ১ টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳: ৩৫৫০০-৬৭০১০/-।

৪। **রসায়ন বিভাগ**
সহকারী অধ্যাপক-এর ২ টি পদ, ১ টি স্থায়ী ও ১টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳: ৩৫৫০০-৬৭০১০/-।

৫। **পানি সম্পদ কৌশল বিভাগ**
লেকচারার-এর ১ টি অস্থায়ী পদ। বেতন স্কেল ৳: ২২০০০-৫৩০৬০/-।

৬। **বুয়েট-জিডপাস**
লেকচারার-এর ৩ টি অস্থায়ী পদ (২টি পুর ও ১টি ইউ.আর.পি)। বেতন স্কেল ৳: ২২০০০-৫৩০৬০/-।

### কর্মকর্তা পদ

১। **রেজিস্ট্রার অফিস**
ডেপুটি রেজিস্ট্রার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল: ৳: ৪৩০০০-৬৯৮৫০/-।

২। **যন্ত্রকৌশল বিভাগ**
সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল: ৳: ২২০০০-৫৩০৬০/-।

৩। **পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ কৌশল বিভাগ**
সহকারী এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল: ৳: ২২০০০-৫৩০৬০/-।

৪। **প্রধান প্রকৌশলীর কার্যালয়**
উপ-সহকারী প্রকৌশলী (এস্টিমেটর) (পুর) -এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল: ৳: ১৬০০০-৩৮৬৪০/-।

**উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১২/ ০৯/২০২২**

**শিক্ষক পদসমূহের জন্য নির্ধারিত যোগ্যতা** : এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page হতে সংগ্রহ করা যাবে।

**ডেপুটি রেজিস্ট্রার পদের নির্ধারিত যোগ্যতা :** প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে অফিসার হিসেবে প্রশাসনিক কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার/সহকারী পরিচালক/সহকারী লাইব্রেরীয়ান বা সমমানের পদে অবশ্যই ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম, বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

**সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা :** Candidate must have a Diploma in Electronics/Electrical Engineering/ Mechatronics from a recognized Institute and three years experience in the relevant field.

**সহকারী এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা :** Must have a B.Sc Engineering Degree in Chemical/ Mechanical/ Electrical/ Petroleum & Mining Engineering. Specialized Training will be considered as added qualification.

**উপ-সহকারী প্রকৌশলী (এস্টিমেটর) (পুর) পদের নির্ধারিত যোগ্যতা** : প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চে ডিপ্লোমা প্রাপ্ত হতে হবে। অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

**শিক্ষক পদের জন্য প্রযোজ্য :** এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-1) ফরমে সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক ১৬ সেট আবেদনপত্র রেজিস্ট্রার-এর বরাবরে জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পট্রোলার BUET-এর অনুকূলে প্রদেয় ৩য় (বেতন স্কেল ৳:৫৬৫০০-৭৪৪০০/-) ও ৪র্থ (বেতন স্কেল ৳:৫০০০০-৭১২০০/-) গ্রেড পদে আবেদনের জন্য ৳: ১,০০০/-(এক হাজার) টাকা এবং অন্যান্য গ্রেড পদে আবেদনের জন্য ৳:৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করত: প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়।

বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page হতে সংগ্রহ করা যাবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

**কর্মকর্তা পদের জন্য প্রযোজ্যঃ-** এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-2) ফরমে সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও যোগদানের তারিখ উল্লেখ পূর্বক ১২ সেট আবেদনপত্র রেজিস্ট্রার-এর বরাবরে জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পট্রোলার BUET-এর অনুকূলে প্রদেয় ৫ম গ্রেড (বেতন স্কেল ৳: ৪৩০০০-৬৯৮৫০/-) পদে আবেদনের জন্য ৳: ১,০০০/- (এক হাজার) টাকা ও অন্যান্য গ্রেড পদে আবেদনের জন্য ৳:৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/ বিভাগ গ্রহণযোগ্য নয়। এছাড়া নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হবেঃ

ক) চিঠি পাঠানোর ঠিকানাসমেত ১টি ফিরতি খাম আবেদনের সাথে প্রার্থীকে জমা দিতে হবে।

খ) আবেদনে উল্লিখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে জমাকৃত সার্টিফিকেট ও মার্কশিট এর কপি সমূহের মূলকপি যাচাইকালে কোন অসংগত/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারী নির্ধারিত যোগ্যতা পূরণ না করলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে।

গ) অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর বুয়েটের কোন চাকরির জন্য আবেদন করলে তা বিবেচিত করা হবেনা।

বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page হতে সংগ্রহ করা যাবে। নিয়োগ পরীক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

বিঃ দ্রঃ- কর্মকর্তাদের জন্য অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন ১ টি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হয়েছেন অথবা ডিগ্রি অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ. দা.)

নং সংস্থা/ব-৫৯/রে- ১৩৪০(৭০) তারিখঃ ২৪ আগস্ট, ২০২২

**বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ):-**

১। ডিন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।

২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।

৩। পরিচালক, বুয়েট-আই.সি.টি সেল, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪। সিনিয়র প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য)।